

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
উন্নয়ন সমন্বয় অধিশাখা

বিসিএস কর্মকর্তাগণের বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) অন্তর্ভুক্ত করার সম্ভাব্যতা পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব এন এম জিয়াউল আলম, সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
সভার স্থানঃ এস এস পি এস সভাকক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ
তারিখঃ ২৪ জানুয়ারি ২০১৭; ১১.০০ ঘটিকা

উপস্থিতিঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান সামাজিক নিরাপত্তা কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোগসমূহের মধ্যে অন্তর্ভুক্ত। সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহকে আরও জোরদারকরণ এবং এ ক্ষেত্রে সার্বিক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ প্রণয়ন করেছে। দারিদ্র্য বিমোচন, অসমতা হ্রাসকরণ এবং সর্বোপরি জাতীয় উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে এ কৌশল বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে তিনি উল্লেখ করেন।

২। বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) কর্মকর্তাগণ সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের সঙ্গে সরাসরি সংযুক্ত বিধায় তাঁদের এ কৌশল সম্পর্কে প্রশিক্ষণের উপর তিনি গুরুত্বারোপ করেন। সুতরাং তাঁদের বিভিন্ন পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রমে সামাজিক নিরাপত্তা কৌশল অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে আলোচনা করার জন্য সভায় আহ্বান জানান। যে সকল প্রশিক্ষণ কোর্সে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিষয় ইতোমধ্যে অন্তর্ভুক্ত রয়েছে তা জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর আলোকে চলে সাজানোর প্রয়োজনীয়তার বিষয়টিও তিনি তুলে ধরেন। অতঃপর তিনি সামাজিক নিরাপত্তা কৌশলের উপর একটি সংক্ষিপ্ত প্রেজেন্টেশন উপস্থাপনার জন্য সংশ্লিষ্ট সোশাল প্রোটেকশন স্পেশালিস্টকে অনুরোধ জানান।

৩। সোশাল প্রোটেকশন স্পেশালিস্ট পাওয়ার পয়েন্ট-এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা কৌশল-এর প্রধান প্রধান বিষয়ের উপর আলোচনা করেন। তিনি উল্লেখ করেন এটি মূলতঃ অন্তর্ভুক্তিমূলক এবং জীবন চক্র ভিত্তিক সমন্বিত সামাজিক নিরাপত্তা ব্যবস্থার একটি রোডম্যাপ। এ কৌশলপত্র প্রণয়নের মাধ্যমে সামাজিক নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে সরকারি দৃষ্টিভঙ্গীতে এসেছে যুগান্তকারী পরিবর্তন। নতুন কৌশলপত্রের আওতায় প্রশাসনিক ব্যবস্থায় বেশ কিছু সংস্কার সাধনের পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে পঁচাত্তি থিমেরিক ক্লাস্টার গঠন করা হয়েছে। সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির কর্মপরিশি মস্প্রসারণ করা হয়েছে। তিনি কৌশলপত্রটির বিষয়ে স্টেকহোল্ডার বা অংশিজনদের অবহিতকরণ ও প্রশিক্ষণের যৌক্তিকতা তুলে ধরেন।

৪। উপস্থাপনা শেষে সামাজিক নিরাপত্তা কৌশলকে বিসিএস কর্মকর্তাগণের জন্য পরিচালিত বিভিন্ন কোর্সে অন্তর্ভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সকলে ঐকমত্য প্রকাশ করেন যে, কৌশলটি বর্তমান প্রেক্ষাপটে খুবই গুরুত্বপূর্ণ বিধায় স্টেকহোল্ডার হিসাবে বিসিএস কর্মকর্তাগণের প্রশিক্ষণসমূহে এটি অন্তর্ভুক্ত করা প্রয়োজন। তারা বলেন সামাজিক নিরাপত্তা কয়েকটি প্রশিক্ষণ কোর্সের কারিকুলাম হিসাবে আগে থেকেই অন্তর্ভুক্ত রয়েছে। এগুলি সামাজিক নিরাপত্তা কৌশলের আলোকে চলে সাজানো যেতে পারে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। সভাপতি মহোদয় উল্লেখ করেন যে কোর্সসমূহে আবশ্যকীয় মডিউল হিসাবে সামাজিক নিরাপত্তা বিষয়টি উপযুক্ত মার্ক বা ওয়েটজসহ সংযুক্ত থাকা সমীচীন হবে।

৫। সভায় আলোচনা হয় যে, সামাজিক নিরাপত্তা কৌশল সংক্রান্ত বিষয় বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচির অন্তর্ভুক্ত করার জন্য দুটি পর্যায়ে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। প্রথমতঃ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে বর্ণিত জীবন-চক্র ভিত্তিক সামাজিক নিরাপত্তার ধারণাটি পাঠ্যক্রমভুক্ত করে বিদ্যমান সংশ্লিষ্ট মডিউল হালনাগাদ করা যেতে পারে। এ উদ্দেশ্যে বিপিএটিসি, বিসিএস প্রশাসন একাডেমি ও বিয়ামকে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত ব্যক্ত করেন।

৬। এ ছাড়া সভায় আলোচনা হয় যে, দীর্ঘ মেয়াদে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানিকীকরণের নিমিত্ত সামাজিক নিরাপত্তা সংক্রান্ত একটি বিস্তারিত মডিউল প্রস্তুত করে তা প্রশিক্ষণ কোর্সসমূহের মধ্যে অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ লক্ষ্যে বিপিএটিসি একটি কমিটি গঠন করতে পারে এবং উক্ত কমিটিতে মন্ত্রিপরিষদ বিভাগ এবং অন্যান্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রতিনিধিগণকেও সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যেতে পারে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এনআইএলজি ও এস এস পি এস প্রোগ্রাম কর্তৃক সামাজিক নিরাপত্তা সংক্রান্ত একটি ম্যানুয়াল ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে। প্রস্তাবিত মডিউলটি উন্নয়নের ক্ষেত্রে এনআইএলজি'র উক্ত ম্যানুয়াল পর্যালোচনা করা যেতে পারে মর্মে সকলে মতামত প্রদান

করেন। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ বিষয়ে উপানুষ্ঠানিক পত্রের মাধ্যমে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের এস এস পি এস প্রোগ্রামের পক্ষ থেকে এ কমিটিকে প্রয়োজনীয় কারিগরি ও অন্যান্য সহযোগিতা প্রদানের প্রয়োজন হতে পারে মর্মে সভায় ইঙ্গিত প্রদান করা হয়।

৭। বিপিএটিসি'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সঙ্গে সামাজিক নিরাপত্তার বিষয়টি প্রশিক্ষণ কারিকুলামভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও এস এস পি এস প্রোগ্রামের কর্মকর্তাগণ বিপিএটিসিতে ভ্রমণ করতে পারেন মর্মে সভায় আলোচনা হয়। তাছাড়া, সভায় সামাজিক নিরাপত্তা কৌশল সংক্রান্ত সেশন পরিচালনার জন্য উপযুক্ত রিসোর্স পার্সন মনোনয়নের বিষয়ে আলোচনা হয়। সকলে অভিমত প্রকাশ করেন যে, সামাজিক নিরাপত্তার কৌশলগত ধারণাটি দেশে অতি সম্প্রতি প্রবর্তিত হয়েছে বিধায় প্রশিক্ষণ কেন্দ্রসমূহে এ বিষয়ে দক্ষ রিসোর্স পার্সন নাও থাকতে পারে। মন্ত্রিপরিষদ বিভাগ সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের দায়িত্ব পালন করছে বিধায় প্রশিক্ষণ কেন্দ্রসমূহের চাহিদার পরিপ্রেক্ষিতে এ বিভাগ উপযুক্ত রিসোর্স পার্সন প্রেরণ করতে পারে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। পরবর্তী সময়ে প্রশিক্ষণ কেন্দ্রসমূহের নিজস্ব রিসোর্স পার্সন উন্নয়নের জন্য এস এস পি এস প্রোগ্রাম প্রশিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনে সহায়তা করতে পারে মর্মেও আলোচনা হয়।

সিদ্ধান্তঃ

৮। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) বিভিন্ন পর্যায়ের বিসিএস কর্মকর্তাগণের প্রশিক্ষণ কর্মসূচিতে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-২০১৫-এর মৌলিক বিষয় অর্থাৎ জীবন-চক্র ভিত্তিক সামাজিক নিরাপত্তার ধারণাটি পাঠ্যক্রমভুক্ত করে বিদ্যমান সংশ্লিষ্ট মডিউল হালনাগাদ করার উদ্দেশ্যে বিপিএটিসি, বিসিএস প্রশাসন একাডেমি ও বিয়ামকে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা যেতে পারে;

(খ) বিসিএস কর্মকর্তাগণের জন্য পরিচালিত বুনিয়াদিসহ বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে সামাজিক নিরাপত্তা কৌশল সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে এ সংক্রান্ত একটি বিস্তারিত মডিউল প্রস্তুত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ এবং অন্যান্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রতিনিধিগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিপিএটিসি বরাবর একটি উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা যেতে পারে;

(গ) প্রস্তাবিত বিপিএটিসি'র কমিটিকে প্রয়োজনীয় কারিগরি ও অন্যান্য সহযোগিতা প্রদানের মন্ত্রিপরিষদ বিভাগের এস এস পি এস প্রোগ্রামের জাতীয় প্রকল্প পরিচালককে অনুরোধ করা হয়;

(ঘ) বিপিএটিসি'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সঙ্গে সামাজিক নিরাপত্তার বিষয়টি প্রশিক্ষণ কারিকুলামভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য যথাশীঘ্র মন্ত্রিপরিষদ বিভাগ ও এস এস পি এস প্রোগ্রামের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিপিএটিসিতে ভ্রমণ করবেন;

(ঙ) প্রশিক্ষণ কেন্দ্রসমূহে সামাজিক নিরাপত্তা কৌশল সংক্রান্ত সেশন পরিচালনার জন্য রিসোর্স পার্সন প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ সম্ভাব্য ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে;

(চ) সামাজিক নিরাপত্তা কৌশল বিষয়ে নিজস্ব রিসোর্স পার্সন উন্নয়নের জন্য প্রশিক্ষণ কেন্দ্রসমূহ উদ্যোগ গ্রহণ করলে এস এস পি এস প্রোগ্রাম কারিগরি সহযোগিতা প্রদান করবে;

০৯। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

এন এম জিয়াউল আলম
সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ